**কবিতা/গল্প প্রকাশ**



**নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১**



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



**হলি ডে হোম বুকিং**



দর্শনীয় ভ্রমণের জায়গা-
**হোটেল :**- তারাপীঠ, দিঘা, পুরী।
**বাগান বাড়ি :**- খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন "**এই যুগ**" অফিসে।
ফোন নং: **9062867921**।



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 30 JANUARY 2026 ,FRIDAY | ৩০ জানুয়ারি ২০২৬ ,শুক্রবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-60


## SIR শুনানি প্রক্রিয়ায় বিভিন্ন সমস্যা নিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী দপ্তরে নওশাদ সিদ্দিকী




এই যুগ, কলকাতা, ২৯ জানুয়ারি : রাজ্যে চলছে জোর কদমে SIR শুনানির কাজ। এই SIR শুনানি ঘিরে রাজ্যের বিভিন্ন জেলায় নানান অভিযোগ সামনে এসেছে। কোথায়ও আবার জীবিত কে মৃত দেখানো হয়েছে ভোটার তালিকায় ,সেই সব আতঙ্কে পড়েছে বহু ভোটার। এরই মধ্যেই অহেতুক হয়রানির ও বিভিন্ন জেলায় অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার এই সমস্ত অভিযোগের বিষয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে দেখা করলেন আইএসএফ চেয়ারম্যান তথা বিধায়ক নওশাদ সিদ্দিকী। এদিন নওশাদ সিদ্দিকী রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে দেখা করে সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে জানান - আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে উত্তর ২৪ পরগনার সন্দেশখালি ১ নং ব্লকের আগরহাটি, বায়েরমারি-১, বায়েরমারি-২ গ্রাম পঞ্চায়েতগুলি সহ বিভিন্ন জেলায় বহু এলাকায় ভোটারদের বেনাগরিক বলে , জীবিতকে মৃত বলে আতঙ্কিত করার অপচেষ্টার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার আবেদন জানিয়েছি। আশাকরি কমিশন এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন।

## উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতাল রুগী কল্যান সমিতির বৈঠকে উপস্থিত রাজ্যের মুখ্য স্বাস্থ্য সচিব



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ২৯ জানুয়ারি : উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালের রুগী পরিষেবার সার্বিক উন্নয়ন এর লক্ষ্যে বৃহস্পতিবার মেডিক্যাল কলেজ ও হাসপাতাল এর সভাকক্ষে আয়োজিত হয় উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতাল রুগী কল্যান সমিতির বৈঠক। এদিনের বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্য স্বাস্থ্য সচিব নারায়ন স্বরুপ নিগম, রাজ্যের স্বাস্থ্য সচিব, উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতাল রুগী কল্যান সমিতির চেয়ারম্যান গৌতম দেব, দার্জিলিং এর জেলাশাসক, শিলিগুড়ি জলপাইগুড়ি উন্নয়ন পর্ষদের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক, দার্জিলিং জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক সহ সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগন। রুগী কল্যান সমিতির চেয়ারম্যান গৌতম দেব জানান এদিনের বৈঠকে উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতাল এর রুগী পরিষেবার বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়। উত্তরবঙ্গের মানুষদের হার্ট ও ক্যান্সার এর উন্নতমানের চিকিৎসা প্রদানের লক্ষ্যে এই মেডিক্যাল কলেজ ও হাসপাতালে নির্মিয়মান ভবনের নির্মান কাজের অগ্রগতি পরিদর্শনে যান সকলে। রাজ্যের মুখ্য স্বাস্থ্য সচিব নারায়ন স্বরুপ নিগম নির্মিয়মান ভবনের কাজের অগ্রগতি পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেন। ভবনের নির্মান কাজ দ্রুত শেষ হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

## আলিপুরদুয়ার ডিআরএম দপ্তরে বৈঠক রেল পরিষেবা নিয়ে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ জানুয়ারি : রেলের আলিপুরদুয়ার ডিভিশনের উদ্যোগে বৃহস্পতিবার ডি আর এম কার্যালয়ে অনুষ্ঠিত হল সর্বদলীয় প্রতিনিধিদের সঙ্গে এক গুরুত্বপূর্ণ বৈঠক। বৈঠকে উপস্থিত ছিলেন বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধি ও রেল আধিকারিকরা। এদিনের সভায় আলিপুরদুয়ার জেলার রেল পরিকাঠামো ও যাত্রী পরিষেবা সংক্রান্ত একাধিক গুরুত্বপূর্ণ প্রস্তাব উঠে আসে।বৈঠকে জেলার বিভিন্ন রেলস্টেশনে একাধিক দূরপাল্লার ও এক্সপ্রেস ট্রেনের স্টপেজ চালুর জোরালো দাবি তোলা হয়। প্রতিনিধিদের দাবি, ট্রেন স্টপেজ বৃদ্ধি পেলে সাধারণ যাত্রীদের যাতায়াত আরও সহজ হবে এবং জেলার সার্বিক যোগাযোগ ব্যবস্থার উন্নতি ঘটবে।এছাড়াও আলিপুরদুয়ার থেকে বামনহাটগামী রেললাইনটি নিউ আলিপুরদুয়ার স্টেশন হয়ে ঘুরিয়ে নিয়ে যাওয়ার প্রস্তাব উঠে সভায়। এই রুট পরিবর্তন হলে নিউ আলিপুরদুয়ার স্টেশনের গুরুত্ব বাড়বে এবং যাত্রী চাপ সুষমভাবে বণ্টিত হবে বলে মত দেন প্রতিনিধিরা।রেল কর্তৃপক্ষ সমস্ত প্রস্তাব গুরুত্ব সহকারে বিবেচনার আশ্বাস দিয়েছে। সভা শেষে প্রতিনিধিরা জানান, এই ধরনের আলোচনার মাধ্যমে ভবিষ্যতে আলিপুরদুয়ার ডিভিশনের রেল পরিষেবার আরও উন্নতি সম্ভব হবে।

## পথশ্রী প্রকল্পের ১৪ টি রাস্তার শিলান্যাস ময়নাগুড়ি পৌরসভায়




নিজস্ব সংবাদদাতা ,এই যুগ , জলপাইগুড়ি ,২৯ জানুয়ারি : ময়নাগুড়ি পৌরসভার তিন নম্বর ওয়ার্ডে অনুষ্ঠানিকভাবে পথশ্রী প্রকল্পের ১৪ টি রাস্তায় শুভ শিলান্যাস করা হলো আজ। পাশাপাশি ময়নাগুড়ি বাজারে অগ্নিকাণ্ডের ঘটনায় পুড়ে ছাই হওয়া ছয়টি দোকান মালিকের হাতে ১৫০০০ টাকার চেক তুলে দেওয়া হয় প্রত্যেকের হাতে। এদিনের এই শিলান্যাস অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সদর মহকুমা শাসক তমজিত চক্রবর্তী, পৌরসভার চেয়ারম্যান মনোজ রায়, ময়নাগুড়ি পঞ্চায়েত সমিতির সভাপতি কুমুদ রঞ্জন রায় , প্রাক্তন চেয়ারম্যান অনন্ত দেব অধিকারী সহ পৌরসভার বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলাররা। ময়নাগুড়ি পৌরসভার চেয়ারম্যান মনোজ রায় বলেন, আমাদের ময়নাগুড়ি পৌরসভায় ২৮ টি পথশ্রী প্রকল্পের রাস্তার কাজ করা হবে, আজকে ১৪ টি রাস্তার শুভ শিলান্যাস করা হলো। প্রায় ৪কোটি টাকা ব্যয়।

# মাধ্যমিক পরীক্ষার প্রাক্কালে ডিজে নিয়ে করা হুঁশিয়ারি পুলিশের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ জানুয়ারি : মাধ্যমিক পরীক্ষার প্রাক্কালে ব্যাপকভাবে বাড়ছে ডিজে যার ফলে পড়াশোনায় বিঘ্নিত হচ্ছে ছাত্র-ছাত্রীরা। বৃহস্পতিবার রাত আটটা নাগাদ শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদকের নেতৃত্বে মাইক ব্যবসায়ীদের নিয়ে বৈঠক হয় ফাঁড়িতে। মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষার দরুন মাইক ব্যবসায়ীদের ডিজে বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। নির্দেশ অমান্য করলে ব্যবসায়ীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা সহ ডিজে তুলে নিয়ে আসা হবে জানিয়েছে পুলিশ।

# চিলাপাতায় রাস্তার কাজ নিম্নমানের অভিযোগ তুলে বিক্ষোভ




মলয় দেবনাথ, এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ জানুয়ারি : আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের চিলাপাতা এলাকায় রাস্তার কাজ নিম্নমানের হচ্ছে এমন অভিযোগ উঠেছে স্থানীয় বাসিন্দাদের কাছ থেকে। এমনটাই জানা গেছে বৃহস্পতিবার বিকেল তিনটে নাগাদ। এলাকার বাসিন্দাদের কাছ থেকে জানা গেছে নিম্নমানের কাজ হচ্ছে ঠিকাদারকে বলেও কোনরকম লাভ হয়নি। বৃহস্পতিবার বেলা দশটা নাগাদ গ্রামের বাসিন্দারা একজোট হয়ে স্লোগান তোলেন শিডিউল মেনে কাজ করতে হবে নইলে আমরা মানছি না মানবো না। এদিন গ্রামবাসীরা একজোট হয়ে রাস্তায় উঠে বিক্ষোভ দেখাতে থাকেন।

# চোলাই বিক্রি নিয়ে মারপিট দুই পক্ষের ,মার খেল মাধ্যমিক পরীক্ষার্থী




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ জানুয়ারি : চোলাই বিক্রি করা কে কেন্দ্র করে মারপিটের জেরে দুজনকে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের যশোডাঙ্গা গ্রামীণ হাসপাতালে নিয়ে আসা হয়েছে এমনটাই জানা গেছে হাসপাতালে গিয়ে বৃহস্পতিবার বিকেলে। মার খেলেন মদ বিক্রেতার বাড়ির মাধ্যমিক পরীক্ষার্থী। অপর দিকে চুল ছিঁড়ে নিল মদ বিক্রির বিরুদ্ধে প্রতিবাদ করা যুবতীর। ঘটনাটি ঘটেছে শামুকতলা থানার শামুকতলা গ্রাম পঞ্চায়েতের বড় পুখুরিয়া এলাকায়। যদিও উভয় পক্ষের সঙ্গে কথা বলে জানা গেছে এদিন পুলিশ অভিযান চালায় ওই এলাকায়। বেশকিছু চোলাই নষ্ট করে পুলিশ। তবে চোলাই বিক্রি নিয়ে এলাকার মানুষেরা প্রচন্ড ক্ষুব্ধ রয়েছেন। উল্লেখ্য বেশ কয়েকদিন আগে ওই এলাকায় আদিবাসী মহিলা পুরুষ এবং ছাত্র-ছাত্রীরা চোলাই বিক্রি বন্ধ করার দাবি তুলে মিছিল করেছিলেন।

# জয়ন্তী মহাকাল ধাম শিবরাত্রি নিয়ে বনদপ্তরের সঙ্গে বৈঠক বিধায়কের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ জানুয়ারি : ১৫ই ফেব্রুয়ারি আলিপুরদুয়ার জেলার জয়ন্তী মহাকাল ধাম এলাকায় শিবরাত্রিকে উপলক্ষ্য করে বনদপ্তরের কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে বসে ছিলেন আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলাল এমনটাই জানা গেছে বিধায়কের কাছ থেকে বৃহস্পতিবার বিকেল সাড়ে চারটা নাগাদ। শিবরাত্রি উপলক্ষে জয়ন্তীতে ভক্তবৃন্দের ঢল নামে। জয়ন্তী মহাকাল ধাম পরিদর্শনে যাওয়ার ক্ষেত্রে ভক্তবৃন্দের অনেক রকম অসুবিধা হয় সেই সমস্ত বিষয়গুলি নিয়ে বিস্তারিত আলোচনা হয় এদিনের বৈঠকে।

# আলিপুরদুয়ার রবীন্দ্র ভবনে উদ্বোধন হলো আয়ুষ মেলার




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ জানুয়ারি : আলিপুরদুয়ার জেলার বুকে তপশিখাতায় রয়েছে ইন্টিগ্রেটেড আয়ুষ হাসপাতাল,সেখানে বিনামূল্যে দেখা হয় রোগী এবং দেওয়া হয় বিনামূল্যে ঔষধ।আপাতত আয়ুর্বেদিক যোগা ও হোমিওপ্যাথি চিকিৎসার সুবিধে রয়েছে সেখানে।প্রত্যেক বছর জনসাধারণের মধ্যে আয়ুর্বেদিক এবং হোমিওপ্যাথি চিকিৎসার উৎসাহ বাড়াতে এই মেলার আয়োজন করা হয়, এই বছর এই মেলা চতুর্থ বছরে পা রাখলো। বৃহস্পতিবার আলিপুরদুয়ার শহরের রবীন্দ্রভবনে শুরু হয়েছে আয়ুষ মেলা। হাসপাতালের সুপারিটেনডেন্ট অনির্বাণ দত্ত বলেন যে , ২৯ থেকে ৩১শে জানুয়ারি দুপুর ১২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত রবীন্দ্র ভবনে এই আয়ুশ মেলা চলবে , ফ্রী তে ঔষধ বিতরণ থেকে রোগী দেখা হবে।এদিন আয়ুষ মেলায় আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলাল থেকে শুরু করে বিভিন্ন প্রশাসনিক কর্তারা উপস্থিত ছিলেন।

# মধ্য নারার থলিতে হাতির তাণ্ডবে ক্ষতিগ্রস্ত কৃষকেরা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ জানুয়ারি : হাতির তাণ্ডব চলছে লাগাতার ভাবে। বুধবার রাতে কুমারগ্রাম ব্লকের খোয়ারডাঙা-২ নম্বর গ্রাম পঞ্চায়েতের মধ্য নারারথলির শীলবাড়ি এলাকায় বুনো হাতির হামলায় আলুখেত ক্ষতিগ্রস্ত হল। লোকালয়ে বুনো হাতির হামলার জেরে আতঙ্কিত গ্রামের বাসিন্দারা। জানা গিয়েছে, স্থানীয় বাসিন্দা মদন রায়ের আধা বিঘা আলুখেত নষ্ট করে বুনো হাতির দল। কৃষক মদন রায় বলেন, 'ঋণ করে এবং জমি লিজ নিয়ে আলু ফলিয়েছিলাম। বুনো হাতির হামলায় আলু খেত নষ্ট হয়ে গেল।' স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বুধবার রাতে একদল বুনো হাতি মধ্য নারারথলির শীলবাড়ি এলাকায় লোকালয়ে ঢোকে। মদন রায়ের আলুখেতে বেশ কিছুক্ষণ তাণ্ডব চালায় বুনো হাতি গুলি। এই খবর জানাজানি হতেই বৃহস্পতিবার এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়ায়। হাতির হামলা রুখতে বন বিভাগ ব্যবস্থা নিক, এমনটাই দাবি জানিয়েছেন স্থানীয়রা।

# মাধ্যমিক পরীক্ষার্থীদের জন্য সতর্কতা বনদপ্তরের কর্মকর্তাদের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ জানুয়ারি : আগামী ২ ফেব্রুয়ারি থেকে শুরু হতে চলেছে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের মাধ্যমিক পরীক্ষা। এই পরীক্ষাকে সামনে রেখে জলদাপাড়া জাতীয় উদ্যান ও বক্সা টাইগার রিজার্ভ সংলগ্ন বনগ্রামগুলির পরীক্ষার্থীদের নিরাপদ যাতায়াত নিশ্চিত করতে বিশেষ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে বন দপ্তর।এই উদ্যোগের মূল লক্ষ্য মানব–বন্যপ্রাণ সংঘাত প্রতিরোধ করা এবং পরীক্ষার্থীরা যাতে নির্বিঘ্নে পরীক্ষা কেন্দ্রে পৌঁছাতে পারে তা নিশ্চিত করা। বন দপ্তরের ঊর্ধ্বতন আধিকারিকরা জানান, সংবেদনশীল বনাঞ্চলগুলিতে ব্যাপক সচেতনতা ও নিরাপত্তা অভিযান শুরু করা হয়েছে।বক্সা টাইগার রিজার্ভে পূর্ব ও পশ্চিম বিভাগের ৪৮টি বিট অফিসের অধীনে মোট ৫০টি আলাদা দল গঠন করা হয়েছে। প্রতিটি দলে চার থেকে পাঁচজন বনকর্মী রয়েছেন। পরীক্ষা চলাকালীন বক্সা ও জলদাপাড়া মিলিয়ে প্রাথমিকভাবে প্রায় ৫০০ জন বনকর্মী মোতায়েন করা হবে।এই বাড়তি সতর্কতার পেছনে রয়েছে কয়েক বছর আগের এক মর্মান্তিক ঘটনা। তখন মাধ্যমিক পরীক্ষা দিতে যাওয়ার পথে বৈকুণ্ঠপুর জঙ্গলে হাতির হামলায় এক ছাত্রের মৃত্যু হয়। ওই ঘটনার পর মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বন দপ্তরকে বোর্ড পরীক্ষার সময় বিশেষ দায়িত্ব নেওয়ার নির্দেশ দেন। তারপর থেকে প্রতি বছর আলিপুরদুয়ার, জলপাইগুড়ি ও দার্জিলিং জেলায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার সময় প্রায় ১০ হাজার পরীক্ষার্থীকে নিরাপত্তা প্রদান করে আসছে বন বিভাগ।বক্সা টাইগার রিজার্ভের ডেপুটি ফিল্ড ডিরেক্টর (পূর্ব) দেবাশিস শর্মা জানান, হাতি মোকাবিলা বাহনের পাশাপাশি মাইকিং করা হয়েছে এবং রেঞ্জভিত্তিকভাবে পরীক্ষার্থীদের জন্য যানবাহনের ব্যবস্থাও রাখা হয়েছে। তিনি বলেন, “পরীক্ষা চলাকালীন পরীক্ষার্থীদের ব্যবহৃত সব রাস্তায় বনকর্মীরা সার্বক্ষণিকভাবে মোতায়েন থাকবেন।

# মালদহ জেলা পুলিশের অভিযানে উদ্ধার পাঁচটি পিস্তল সহ ম্যাগাজিন ও একুশটি গুলি ,গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মালদহ, ২৯ জানুয়ারি : মালদহ জেলা পুলিশের বিশেষ অভিযানে বুধবার রাতে উদ্ধার হয় পাঁচটি সাত এম এম পিস্তল, পাঁচটি ম্যাগাজিন ও একুশ রাউন্ড গুলি। মালদহ জেলা পুলিশ সুপার অভিজিৎ বন্দোপাধ্যায় সাংবাদিক সম্মেলন করে জানান মালদহ জেলা পুলিশ নির্ভরযোগ্য সূত্র মারফত বুধবার খবর পায় ঝাড়খণ্ড থেকে তিন দুষ্কৃতি গঙ্গানদীর জলপথ ধরে মালদহে বে আইনী অস্ত্র সরবরাহ করতে আসছে। খবর পেয়ে জেলা পুলিশের বিশেষ দল ও কালিয়াচক থানার পুলিশ যৌথভাবে অভিযানে নেমে কালিয়াচক থানার চরবাবুপুর এলাকায় গঙ্গানদীর জলপথে নজরদারি শুরু করে। তারা একটি নৌকা আটক করে তল্লাশী চালাতে শুরু করলে নৌকা থেকে দুই দুষ্কৃতি পালিয়ে যেতে সমর্থ হলেও একজনকে পুলিশ আটক করে। আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় পাঁচটি সাত এম এম পিস্তল, পাঁচটি ম্যাগাজিন ও একুশ রাউন্ড গুলি। উদ্ধার করা সামগ্রী বাজেয়াপ্ত করে আটক ব্যক্তিকে গ্রেপ্তার করে পুলিশ। ধৃতের নাম সাব্বির আলম(২১),পিতা রেজাউল শেখ, ঝাড়খন্ড রাজ্যের সাহেবগঞ্জ জেলার রাধানগর থানার পিরানপুর ডাকঘর অধীন রাজ্জাকটোলার বাসিন্দা। ধৃতের বিরুদ্ধে অস্ত্র আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে বৃহস্পতিবার ধৃতকে আদালতে পাঠানো হয়েছে। পরবর্তী পর্যায়ের তদন্তের স্বার্থে ধৃতকে পুলিশ হেফাজতে নেবার জন্য আবেদন জানানো হয়েছে বলে জানান পুলিশ সুপার।

## প্রচুর পরিমান নেশার ট্যাবলেট সহ গ্রেপ্তার এক



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২৯ জানুয়ারি :আলিপুরদুয়ার জেলা পুলিশের মাদারীহাট থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে বৃহস্পতিবার থানা এলাকায় অভিযান চালিয়ে এক ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় আট হাজার আটশো আশিটি নিষিদ্ধ নেশার ট্যাবলেট। উদ্ধার করা নেশার ট্যাবলেটগুলি বাজেয়াপ্ত করে আটক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়। মহকুমা পুলিশ আধিকারিক প্রশান্ত দেবনাথ জানান ধৃত ব্যক্তির নাম মহম্মদ শাহ আলম, সে থানা এলাকার মধ্য রাঙ্গালীবাজনার শিশুবাড়ির বাসিন্দা। উদ্ধার সহ বাজেয়াপ্ত ও গ্রেপ্তারি পর্ব এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। ধৃতের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করা হয়েছে। শুক্রবার ধৃতকে আলিপুরদুয়ার জেলা আদালতে পেশ করা হবে। পরবর্তী পর্যায়ের তদন্তের স্বার্থে ধৃতকে পুলিশী রিমান্ডে নেবার জন্য আদালতে আবেদন জানানো।হবে। ধৃত এলাকায় বিক্রির উদ্দ্যেশ্যে এই মাদক ট্যাবলেটগুলি নিয়ে এসেছিলো বলে অনুমান পুলিশের।

## বায়োমেডিকেল ডিসপোজাল ওয়েস্ট প্রকল্পের উপর জোর দিতে চলেছে আলিপুরদুয়ার জেলা প্রশাসন




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ জানুয়ারি : বায়োমেডিকেল ডিসপোজাল ওয়েস্ট প্রকল্পের উপর এবারে জোর দিতে চলেছে আলিপুরদুয়ার জেলা প্রশাসন। আলিপুরদুয়ার জেলা হাসপাতালে জমে আবর্জনার স্তুপ। ঠিক এরপরেই নড়েচড়ে বসেছে প্রশাসন।এদিন ডুয়ার্সকন্যাতে এক বৈঠক আয়োজিত হয়। যেখানে ঠিক করা হয় বায়োমেডিক্যাল ওয়েস্ট ডিসপোস করা হবে। জেলা হাসপাতাল এবং নার্সিংহোমে এই নিয়ম প্রযোজ্য হবে। নোংরা জমানো চলবে না। পুরসভা এবং হাসপাতাল একসঙ্গে কাজ করতে হবে বলে জানালেন জেলা শাসক আর বিমলা। তিনি জানান এর জন্য যা যা সচেতনতার প্রয়োজন সেই ব্যবস্থা নেওয়া হবে।

## মাধ্যমিক পরীক্ষা নির্বিঘ্নে করতে প্রশাসনিক প্রস্তুতি সভা জলপাইগুড়িতে



সুস্মিতা রায়, এই যুগ, জলপাইগুড়ি ,২৯ জানুয়ারি : আসন্ন মাধ্যমিক পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে প্রশাসনের পক্ষ থেকে একটি প্রস্তুতি সভার আয়োজন করা হয় জলপাইগুড়িতে। বৃহস্পতিবার জলপাইগুড়ি সদর ব্লক অফিসে অনুষ্ঠিত এই বৈঠকে বিভিন্ন দপ্তরের আধিকারিক ও সংশ্লিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।সভায় উপস্থিত ছিলেন শিক্ষক-শিক্ষিকারা ছাড়াও পুলিশ প্রশাসন, বিদ্যুৎ দপ্তর, মোটর ভেহিকেলস বিভাগ, স্বাস্থ্য দপ্তর এবং ব্লক প্রশাসনের কর্তারা। সদর বিডিও অফিসে আয়োজিত এই বৈঠকে মাধ্যমিক পরীক্ষার সময় কীভাবে সার্বিক শৃঙ্খলা বজায় রেখে পরীক্ষা গ্রহণ করা যায়, সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রশাসনের পক্ষ থেকে পরীক্ষাকেন্দ্রগুলির আশপাশে নির্দিষ্ট বিধিনিষেধ মেনে চলার নির্দেশ দেওয়া হয়। শব্দদূষণ নিয়ন্ত্রণ, যান চলাচল ব্যবস্থা, বিদ্যুৎ সরবরাহ নিরবচ্ছিন্ন রাখা, স্বাস্থ্য পরিষেবা প্রস্তুত রাখা—সবকিছু নিয়েই আলোচনা হয় বৈঠকে। জানা গেছে, আগামী ২ ফেব্রুয়ারি থেকে শুরু হচ্ছে এবছরের মাধ্যমিক পরীক্ষা, যা চলবে ১২ ফেব্রুয়ারি পর্যন্ত। প্রতিদিন পরীক্ষার সময় থাকবে সকাল ১১টা থেকে দুপুর ২টা পর্যন্ত। তবে পরীক্ষার্থীদের সুবিধার্থে সকাল ১০টা ৪৫ মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে ।প্রশাসনের আশা, এই প্রস্তুতি সভার মাধ্যমে সমন্বয় বজায় রেখে এবছরের মাধ্যমিক পরীক্ষা নির্বিঘ্নে সম্পন্ন করা সম্ভব হবে।

## শুনানি কেন্দ্রে দীর্ঘক্ষণ লাইনে দাঁড়িয়ে অসুস্থ মহিলা



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ , জলপাইগুড়ি ,২৯ জানুয়ারি : এসআইআর শুনানি কেন্দ্রের নোটিশ হাতে নিয়ে দীর্ঘক্ষণ লাইনে দাঁড়িয়ে থেকে অসুস্থ হয়ে পড়লেন এক মহিলা। ঘটনাটি ঘিরে চাঞ্চল্য ছড়াল ধূপগুড়ি বিডিও অফিস চত্বরে। অসুস্থ ওই মহিলাকে তড়িঘড়ি উদ্ধার করে ধূপগুড়ি মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়েছে।আক্রান্ত মহিলার নাম মঞ্জিনা খাতুন (৩০)। তিনি মাগুরমারি ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত জলঢাকা ময়নাতলী গ্রামের বাসিন্দা। বৃহস্পতিবার সকালবেলা প্রয়োজনীয় নথিপত্র নিয়ে এসআইআর শুনানির জন্য ধূপগুড়ি বিডিও অফিসে হাজির হয়েছিলেন তিনি।অভিযোগ, নির্দিষ্ট সময়ে আধিকারিকদের দেখা না মেলায় নোটিশ নিয়ে শুনানির জন্য ঘণ্টার পর ঘণ্টা লাইনে দাঁড়িয়ে থাকতে হয় বাসিন্দাদের। দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থাকার ফলে হঠাৎই অসুস্থ হয়ে মাটিতে লুটিয়ে পড়েন মঞ্জিনা খাতুন এবং সংজ্ঞাহীন হয়ে পড়েন তিনি।ঘটনাস্থলে উপস্থিত অন্যান্যরা তাঁকে দ্রুত উদ্ধার করে ধূপগুড়ি মহকুমা হাসপাতালে নিয়ে যান। বর্তমানে তিনি সেখানেই চিকিৎসাধীন।

## এক ব্যক্তির মৃতদেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য



সুস্মিতা রায়, এই যুগ, জলপাইগুড়ি, ২৯ জানুয়ারি : ধূপগুড়ি অটো পিক আপ স্ট্যান্ড থেকে এক ব্যক্তির দেহ উদ্ধার। ঘটনায় শোকের ছায়া এলাকায়। মৃত ব্যক্তির নাম বিশ্বেশ্বর শর্মা। বয়স আনুমানিক ৮০ বছর।তার আদি বাড়ি ধূপগুড়ির বামনী সেতু সংলগ্ন এলাকায়। বুধবার সকালে ধূপগুড়ি অটো পিক আপ স্ট্যান্ডের একটি ঘরের বারান্দায় তাকে মৃত অবস্থায় দেখতে পায় স্থানীয়রা অটো পিক আপ স্ট্যান্ডের চালকরা। চালকরা জানায় মৃত ব্যক্তির বাড়ি বামনি সেতু এলাকায় থাকলেও তিনি বাড়িতে থাকতেন না বহুদিন থেকে এই স্ট্যান্ডের ঘরেই থাকতেন আমরাই তাকে দেখাশোনা করতাম। তার এক ছেলে রয়েছে সে তার জলপাইগুড়ির মামার বাড়িতে থাকে। ঘটনার খবর পেয়ে ছুটে আসে মৃত ব্যক্তির ছেলে রাজেশ শর্মা এবং তার ভাস্তি লক্ষী শর্মা। লক্ষ্মী শর্মা জানান প্রতিবছর হোলির দিনে কাকা আমাদের বাড়িতে যেত সবাই মিলে আনন্দ করতাম। এদিকে ঘটনার খবর শুনে ঘটনাস্থলে পৌঁছায় ধূপগুড়ি থানার পুলিশ। দেহ উদ্ধার করে নিয়ে আসে থানায়। বৃহস্পতিবার ময়না তদন্তের পর দেহ পরিবারের হাতে তুলে দেওয়া হবে বলে পুলিশ জানিয়েছে। ঘটনায় শোকের ছায়া ধূপগুড়ি অটো পিকআপ স্ট্যান্ড এলাকায়।

## চা বাগান পুনরায় চালুর দাবিতে বিক্ষোভে সামিল চা শ্রমিকরা




নিজস্ব সংবাদদাতা ,এই যুগ , জলপাইগুড়ি ,২৯ জানুয়ারি : দীর্ঘদিন ধরে বন্ধ থাকা আমবাড়ি চা বাগান পুনরায় চালুর দাবিতে বানারহাটের আমবাড়ি চা বাগানের কারখানা গেটের সামনে বুধবার বিক্ষোভে সামিল হলেন চা শ্রমিকরা। বাগান বন্ধ থাকায় শ্রমিক পরিবারগুলির মধ্যে চরম অনিশ্চয়তা ও উদ্বেগ তৈরি হয়েছে।জানা গেছে, গত ৩ ডিসেম্বর থেকে আমবাড়ি চা বাগান বন্ধ রয়েছে। এর আগেও চলতি বছরের জুলাই মাসে বাগানটি বন্ধ হয়ে পড়েছিল। পরিস্থিতি সামাল দিতে গত ১০ নভেম্বর শ্রমিকদের সঙ্গে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। তবে শ্রমিকদের অভিযোগ, সেই চুক্তির শর্ত অনুযায়ী বাগান কর্তৃপক্ষ কোনও কাজ করেনি। ফলে বর্তমানে বাগানটি সম্পূর্ণ অচল অবস্থায় রয়েছে।এই অবস্থার প্রতিবাদে শ্রমিকরা ঐক্যবদ্ধ হয়ে বিক্ষোভ কর্মসূচি পালন করেন। বিক্ষোভ চলাকালীন তাঁরা চুক্তিপত্রের প্রতিলিপি জ্বালিয়ে ক্ষোভ প্রকাশ করেন।শ্রমিকদের দাবি, অবিলম্বে বাগান চালু করতে হবে। প্রয়োজনে নতুন মালিক নিয়োগ অথবা বর্তমানে যাঁর কাছে বাগানের দায়িত্ব রয়েছে, তাঁর সঙ্গে নতুন করে কার্যকর চুক্তি করে বাগান সচল করার ব্যবস্থা নিতে হবে। শ্রমিকদের বক্তব্য, বারবার প্রতিশ্রুতি দেওয়া হলেও বাস্তবে কোনও পদক্ষেপ না নেওয়ায় তাঁদের জীবন-জীবিকা বিপন্ন হয়ে পড়েছে।দ্রুত সমস্যার সমাধান না হলে আগামী দিনে বৃহত্তর আন্দোলনের পথে হাঁটার হুঁশিয়ারিও দিয়েছেন আন্দোলনরত শ্রমিকরা।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |